President
10/09/26

# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

বিডিপি/১৭/অনুষ্ঠান/এ

১০ আগস্ট ২০২৬

**বনানী ডিওএইচএস পরিষদ মাধবী লাউঞ্জ ভাড়া দেওয়া প্রসঙ্গে**

**বরাতঃ**

**ক। বনানী ডিওএইচএস পরিষদ পত্র নং বিডিপি/মাধবী লাউঞ্জ/১৯/এ তারিখ ১৯ সেপ্টেম্বর ২০২৫।**

১। গত ০১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ হতে বনানী ডিওএইচএসের স্থায়ী বাসিন্দা ছাড়াও অস্থায়ী বাসিন্দা (ভাড়াটিয়াদের) নিকট ছোট আকারের সামাজিক অনুষ্ঠান যেমনঃ জন্মদিন, বিবাহ বার্ষিকী, ফ্যামেলি গেট টুগেদার, এনগেইজমেন্ট ইত্যাদির জন্য ভাড়া দেওয়া হচ্ছে।

২। অনুষ্ঠানে অতিথির সংখ্যা সর্বোচ্চ ৪০ (চল্লিশ) জন এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। কোনক্রমেই উল্লেখিত জনবলের অতিরিক্ত সংখ্যা গ্রহণযোগ্য নয়।

৩। লাউঞ্জের দেওয়ালে কোন ক্ষতিসাধন করে এ ধরনের ডেকোরেশন করা যাবে না।

৪। মাধবী লাউঞ্জে বাহির হতে কোন পিএ সিস্টেম ব্যবহার করা যাবে না তবে পার্শ্ববর্তী বাসিন্দাদের অসুবিধা না করে হোম থিয়েটার সিস্টেম ব্যবহার করা যাবে।

৫। মাধবী লাউঞ্জে রাজনৈতিক ও ধর্মীয় আলোচনা সম্পূর্ণভাবে নিষেধ।

৬। অনুষ্ঠানে আগত অতিথিদের মোবাইল, মানিব্যাগ, ভ্যানিটিব্যাগ, স্বর্ণ অলংকারসহ ব্যক্তিগত মালামাল নিজ দায়িত্বে রাখা । কোন কিছু হারানোর ব্যাপারে অত্র পরিষদ দায়ী থাকবেনা এবং এ ধরনের কোন অভিযোগ গ্রহনযোগ্য না।

৭। শুধুমাত্র প্যাকেট জাত, হটপট এবং কন্টেইনার বক্স এ প্রস্তুতকৃত খাবার আনা যাবে। যে কোন ধরনের পাতিল/ডেগচি ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

৮। মাধবী লাউঞ্জের ভাড়ার বিবরণ নিম্নরুপঃ

| ধাপ ও সময় | ভাড়া |
|---|---|
| ১ম - সকাল ৭:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত | ৫,০০০/- (পাঁচ হাজার) মাত্র টাকা |
| ২য় - দুপুর ১২:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত | |
| ৩য় - সকাল ৭:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত | ৬,০০০/- (ছয় হাজার) মাত্র টাকা |

৯। বুকিং বাতিল/পরিবর্তনঃ করতে চাইলে অনুষ্ঠানের কমপক্ষে ১৫ দিন পূর্বে লিখিতভাবে আবেদন করতে হবে।

১০। ১৫ দিন পূর্বে আবেদনকারীর ক্ষেত্রে ১০০%, ৫ দিন হতে ১৪ দিনের মধ্যে আবেদনকারীর ক্ষেত্রে ৫০% অর্থ ফেরৎ প্রদান করা হবে। ৪ দিন অথবা এর কম সময়ের মধ্যে আবেদনকারীকে কোন অর্থ ফেরৎ প্রদান করা হবে না।

১১। উপরোক্ত নির্দেশনাবলীর ব্যতয় ঘটলে পরিষদের ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুষ্ঠানকারীর জন্য প্রযোজ্য হবে।

১২। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ সাইদুর রহমান
লেঃ কর্নেল (অব.)
মেম্বার এ্যাডমিন

কার্যক্রমঃ
বনানী ডিওএইচএসের বাসিন্দাগণ

Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner